সিনিয়র সিস্টেম এনালিস্ট
◇ সিস্টেম এনালিস্ট/সিনিয়র প্রোগ্রামার
◇ প্রোগ্রামার
◇ সহকারী প্রোগ্রামার
◇ সঃমেঃই-১/সঃমেঃই-২
◇ নথি
ডাইরি নং
তারিখঃ 12/02/2020

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
কার্যক্রম ও এডিপি শাখা

২০১৯-২০২০ অর্থবছরের ডিসেম্বর ২০১৯ পর্যন্ত বৈদেশিক সাহায্যপুষ্ট প্রকল্পসমুহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ নজরুল ইসলাম সচিব
সভার তারিখ	২৬ জানুয়ারি ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১০:৩১ মিনিট
স্থান	সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সম্মেলন কক্ষ
উপস্থিতি	...

১. উপস্থাপনা:

সভাপতির সম্মতিক্রমে যুগ্মপ্রধান সভাকে অবহিত করেন যে, ২০১৯-২০২০ অর্থবছরে এডিপি'র আওতায় বৈদেশিক সহায়তাপুষ্ট ২৫টি প্রকল্প রয়েছে (টিএ ০৬টি, বিনিয়োগ ১৯টি)। প্রকল্পসমূহের অনুকূলে ২০১৯-২০২০ অর্থবছরে এডিপিতে প্রকল্প সাহায্য খাতে ৯৩৩৯.১৫ কোটি টাকা বরাদ্দ রয়েছে। ডিসেম্বর ২০১৯ পর্যন্ত প্রকল্প সাহায্য খাতে বরাদ্দকৃত অর্থের ১৮৮৫.৩৯ কোটি টাকা (২০.১৯%) ব্যয় করা হয়।

২. উন্নয়ন সহযোগী সংস্থাভিত্তিক প্রকল্পওয়ারী আলোচনা ও সিদ্ধান্ত নিম্নরূপঃ

আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
সংস্থা : ডিএমটিসিএল			
১. ঢাকা মাস ট্রানজিট ডেভেলপমেন্ট প্রজেক্ট(এমআরটি লাইন-৬) (১/৭/১২-৩০/৬/২৪)	সভায় অবহিত করা হয় যে, প্রকল্পের আরএডিপি বরাদ্দ প্রস্তাব হ্রাস করার প্রকৃত কারণ পর্যালোচনার বিষয়ে গত ০৭ জানুয়ারি ২০২০ তারিখে অতিরিক্ত সচিব (উন্নয়ন), সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগের সভাপতিত্বে একটি সভা অনুষ্ঠিত হয়েছে। সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচি (আরএডিপি) বরাদ্দ প্রস্তাব যৌক্তিকভাবে নির্ধারণ করে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অবহিত করা হয়েছে। সে অনুযায়ী বাস্তবায়ন অগ্রগতি চলমান আছে। বাস্তবায়নকারী সংস্থা কর্তৃক সভায় জানানো হয় যে, পিএ খাতের বরাদ্দ হ্রাস করার বিষয়ে প্রকল্প কার্যালয় কর্তৃক গত ০৪/১২/২০১৯ তারিখে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগকে অবহিত করা হয়েছে। তাই পূর্বে প্রদানকৃত জবাবের বাইরে নতুন কোন বিষয় আলোকপাত করার নেই। নতুন ব্যাখা/জবাব না থাকলে তা উল্লেখপূর্বক পূর্বতন জবাব এ বিভাগের মাধ্যমে ইআরডি'তে প্রেরণের নির্দেশনা দেয়া হয়।	(ক) প্রকল্প সাহায্য বরাদ্দ লক্ষ্যমাত্রা অনুযায়ী ব্যয় নিশ্চিত করতে হবে। (খ) ইআরডি'র সচিব কর্তৃক প্রেরিত ডি.ও পত্রের জবাব এ বিভাগের মাধ্যমে ইআরডি'তে প্রেরণ নিশ্চিত করতে হবে।	পরিকল্পনা উইং ও প্রকল্প পরিচালক, ডিএমটিসিএল

২. টিএ ফর এমআরটি লাইন-১ (ইঞ্জিনিয়ারিং সার্ভিস) (১/৭/১৭-৩০/৬/২২)	সভায় জানানো হয় যে, গত ০৯/০১/২০২০ তারিখে ১ম পিআইসি সভা অনুষ্ঠিত হয়েছে। পিএসসি সভা আহবান করার অনুরোধ জানানো হয়। এছাড়াও, আরএডিপি বরাদ্দ চাহিদা বাস্তবতার নিরিখে যৌক্তিকভাবে নির্ধারণ করে মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে মর্মে অবহিত করা হয়।	(ক) পিএসসি সভা আয়োজন নিশ্চিত করতে হবে। (খ) আরএডিপি'তে প্রস্তাবিত বরাদ্দ চাহিদার আলোকে ব্যয় নির্বাহের জন্য কর্ম-পরিকল্পনা প্রস্তুত করতে হবে।	প্রকল্প পরিচালক ও ডিএমটিসিএল
৩. এমআরটি লাইন-১ নির্মাণ (০১/০৭/২০১৯-৩১/১২/২০২৬)	সভায় প্রকল্প পরিচালক অবহিত করেন যে, এ বিভাগের অতিরিক্ত সচিব (উন্নয়ন) এর সভাপতিত্বে প্রকল্পের আরএডিপি বরাদ্দ প্রস্তাব পর্যালোচনার নিমিত্ত সভা অনুষ্ঠিত হয়েছে। আরএডিপি'তে বরাদ্দ চাহিদা যৌক্তিকভাবে নির্ধারণ করা হয়েছে। ভূমি অধিগ্রহণের চাহিদা মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে। ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিত করে প্রকল্পের সার্বিক অগ্রগতি কাঙ্খিত লক্ষ্যমাত্রা অনুযায়ী অর্জন করার পরামর্শ প্রদান করা হয়।	(ক) ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া ত্বরান্বিত করতে হবে। (খ) নির্ধারিত কর্ম-পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি নিশ্চিত করতে হবে।	প্রকল্প পরিচালক
৪. এমআরটি লাইন-৫ (নর্দান রুট) নির্মাণ (০১/০৭/২০১৯-৩১/১২/২০২৮)	সভায় অবহিত করা হয় যে, পরামর্শক (সাধারণ পরামর্শ সেবা) (নকশা, দরপত্র সহায়তা, সুপারভিশন) নিয়োগ চূড়ান্ত পর্যায়ে আছে। নিয়োগ চুক্তি সম্পাদনের পরপরই পূর্ব পরিকল্পনা অনুযায়ী প্রকল্পের বেসিক ডিজাইন কাজ শুরু হবে এবং কর্মপরিকল্পনা চূড়ান্ত হবে। দ্রুত পরামর্শক নিয়োগ করে কর্মপরিকল্পনা নির্ধারণের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	দ্রুত পরামর্শক নিয়োগ করে কর্মপরিকল্পনা নির্ধারণ করতে হবে।	প্রকল্প পরিচালক
সংস্থা : বিআরটিসি			
৫. বিআরটিসি'র জন্য বাস সংগ্রহ (১/২/১৬-৩১/১২/১৯)	এডিপি রিভিউ সভার সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়ন অগ্রগতির তথ্য নির্ধারিত সময়ে এ বিভাগে অবহিত না করায় অসন্তোষ প্রকাশ করা হয়। প্রকল্পের আওতায় সংগৃহীত বাসসমূহ সঠিকভাবে পরিচালনার জন্য পরামর্শ দেয়া হয়। প্রকল্পের পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করার নির্দেশনা প্রদান করা হয়।	(ক) এডিপি রিভিউ সভার সিদ্ধান্ত মোতাবেক বাস্তবায়ন অগ্রগতির তথ্য নির্ধারিত সময়ে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। (খ) সংগৃহীত বাসসমূহের সর্বশেষ অবস্থা পরবর্তী সভায় অবহিত করতে হবে। (গ) প্রকল্পের পিসিআর দ্রুত মন্ত্রণালয়ে দাখিল করতে হবে।	বিআরটিসি ও প্রকল্প পরিচালক
জিওবি প্রকল্প ৬. দক্ষ চালক তৈরির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদানের জন্য বিআরটিসি'র ০৩টি প্রশিক্ষণ ইনস্টিটিউট ও ১৭টি প্রশিক্ষণ কেন্দ্র অধুনিকায়ন ও শক্তিশালীকরণ (১/২/১৮-৩০/৬/২০)	নির্মিতব্য প্রশিক্ষণ কেন্দ্রসমূহে অধিক সংখ্যক ড্রাইভার/প্রশিক্ষণার্থীদেরকে মানসম্মত প্রশিক্ষণ নিশ্চিত করার জন্য কর্মপরিকল্পনা চূড়ান্ত করার নির্দেশনা প্রদান করা হয়। নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পটি সমাপ্ত করার জন্য পরামর্শ প্রদান করা হয়।	(ক) ড্রাইভার/প্রশিক্ষণার্থীদেরকে মানসম্মত প্রশিক্ষণ নিশ্চিত করার জন্য কর্মপরিকল্পনা চূড়ান্ত করে তা এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। (খ) নির্ধারিত সময়ে প্রকল্পটির সমাপ্তির উদ্যোগ গ্রহণ করতে হবে।	প্রকল্প পরিচালক ও চেয়ারম্যান, বিআরটিসি
সংস্থা : ডিটিসিএ			

৭. ঢাকা ইনট্রিগ্রেটেড ট্রাফিক ম্যানেজমেন্ট (১/৭/১৫-৩১/১২/১৯)	প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, প্রকল্পের মেয়াদ জুন ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রকল্প সমাপ্তি শেষে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের পিসিআর সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে দাখিল করা হবে।	বর্ধিত মেয়াদের কর্মপরিকল্পনা অনুযায়ী নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত করতে হবে।	প্রকল্প পরিচালক
৮. দি ফিজিবিলিটি স্ট্যাডি অন ঢাকা ম্যাস র‍্যাপিড ট্রানজিট ডেভেলপমেন্ট (এমআরটি লাইন-১ এন্ড এমআরটি লাইন-৫) প্রজেক্ট (১/১/১৭ -৩১/১২/১৯)	সভায় জানানো হয় যে, প্রকল্পটির মেয়াদ জুন ২০২০ পর্যন্ত ০৬ মাস বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পটির কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করা সম্ভব হবে।	প্রকল্পের উদ্দেশ্য যথাযথভাবে অর্জন করে নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত করতে হবে।	প্রকল্প পরিচালক
জিওবি প্রকল্প ৯. দি ফিজিবিলিটি স্ট্যাডি অন বাস র‍্যাপিড ট্রানজিট (বিআরটি) লাইন-৭ (০১-০৯-২০১৮ হতে ২৯-০২-২০২০)	প্রকল্প পরিচালক সভায় অবহিত করেন যে, প্রকল্পের মেয়াদ জুন ২০২০ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। প্রকল্পটির স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করা যেতে পারে।	(ক) বর্ধিত মেয়াদের কর্মপরিকল্পনা অনুযায়ী প্রকল্পের কার্যক্রম পরিচালনা করতে হবে। (খ) স্টিয়ারিং কমিটির সভা আয়োজন করতে হবে।	পরিকল্পনা উইং ও প্রকল্প পরিচালক
সংস্থা : সড়ক ও জনপথ অধিদপ্তর			
১০. তৃতীয় কর্ণফুলী সেতু নির্মাণ (১/৭/০৩-৩১/১২/১৯)	সভায় অবহিত করা হয় যে, নির্মিত সড়ক অবকাঠামো আনুষ্ঠানিকভাবে উদ্বোধনের বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। প্রকল্পের পিসিআর সড়ক ও জনপথ অধিদপ্তরের প্রধান কার্যালয়ে প্রক্রিয়াধীন রয়েছে।	প্রকল্পের পিসিআর এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
১১. নারায়ণগঞ্জের বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মান প্রকল্প (১/১১/১০-৩০/৬/২১)	প্রকল্প পরিচালক জানান যে, ২০১৯-২০২০ অর্থবছরের আরএডিপি'তে বরাদ্দ চাহিদা বাস্তবতার নিরিখে যৌক্তিকভাবে নির্ধারণ করা হয়েছে। প্রকল্পের বাস্তব অগ্রগতি নির্ধারিত লক্ষ্যমাত্রায় অর্জনের নিমিত্ত সেতু নির্মাণ কাজ কর্মপরিকল্পনা অনুসারে চলমান রয়েছে মর্মে সভায় উল্লেখ করা হয়।	আরএডিপির প্রস্তাবিত বরাদ্দ চাহিদার আলোকে নতুন কর্মপরিকল্পনা চূড়ান্ত করতে হবে।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
১২. বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ (১/৪/১২-৩০/৪/২১)	সভায় অবহিত করা হয় যে, ঠিকাদারের মেয়াদ বৃদ্ধির প্রস্তাবটি যৌক্তিকভাবে নির্ধারণের পর মন্ত্রণালয়কে অবহিত করা হবে। Way Bridge এর ডিজাইন Modification বর্তমানে পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক যাচাই-বাচাই চলমান রয়েছে। ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ বৃদ্ধি ও ডিজাইন মডিফিকেশন বিষয়ে প্রকল্প পরিচালককে এ বিভাগে একটি প্রতিবেদন দাখিলের নির্দেশনা প্রদান করা হয়।	(ক) ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ বিধিমোতাবেক যৌক্তিকভাবে নির্ধারণ করতে হবে। (খ) ঠিকাদারের সাথে সম্পাদিত চুক্তির মেয়াদ বৃদ্ধি ও ডিজাইন মডিফিকেশন বিষয়ে প্রকল্প পরিচালক এ বিভাগে একটি প্রতিবেদন দাখিল করবেন।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক

১৩. গ্রেটার ঢাকা সাসটেইনেবল আরবান ট্রান্সপোর্ট প্রজেক্ট (বিআরটি গাজীপুর-এয়ারপোর্ট) (১/১২/১২-৩০/৬/২০)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্তির লক্ষ্যে রিভাইজড ওয়ার্ক প্রোগ্রাম চূড়ান্তকরণের কাজ চলমান আছে। প্রকল্পের মনিটরিং ব্যবস্থা জোরদারকরতঃ নিবীড় পর্যবেক্ষণ অব্যাহত আছে। প্রকল্পের যে অংশের কাজ শেষ হয়েছে বা বেইজ পর্যন্ত সমাপ্ত হয়েছে সেখানে নিয়মিত লেবেলিং-ড্রেসিং করা হচ্ছে। প্রকল্পের আওতায় বাস ক্রয়ের জন্য মেকানিক্যাল উইং এর সহযোগিতা নিয়ে দরপত্র দলিল প্রণয়ন ও ক্রয় কার্যক্রম সম্পন্ন করা যেতে পারে মর্মে অভিমত ব্যক্ত করা হয়।	(ক) রিভাইজড ওয়ার্ক প্রোগ্রাম চূড়ান্ত করে তা আগামী ১৫ কর্মদিবসের মধ্যে এ বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে। (খ) প্রকল্পের বাস্তব ও আর্থিক অগ্রগতি নির্দিষ্ট লক্ষ্যমাত্রায় অর্জন করতে হবে। (গ) প্রকল্পের আওতায় বাস ক্রয়ের জন্য মেকানিক্যাল উইং এর সহযোগিতা নিয়ে দরপত্র দলিল প্রণয়ন ও ক্রয় কার্যক্রম সম্পন্ন করতে হবে। এ বিষয়ে মেকানিক্যাল উইং সার্বিক সহযোগিতা প্রদান করবে।	সওজ অধিদপ্তর, প্রকল্প পরিচালক ও অতিরিক্ত প্রধান প্রকৌশলী (মেকানিক্যাল)
১৪. SASEC Road Connectivity: Improvement of Joydebpur-Chandra-Tangail-Elenga-Road (N-4) to 4-lane Highway (৭/৪/১৩-৩০/৬/২০)	সভায় জানানো হয়, প্রকল্পের মেয়াদ বৃদ্ধির প্রস্তাব ইতোমধ্যে এ বিভাগে প্রেরণ করা হয়েছে। প্রকল্পের সময় বৃদ্ধির পর কর্মপরিকল্পনা প্রণয়ন করে সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগে দাখিল করা হবে। গত সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রধান প্রকৌশলী কর্তৃক অনুসন্ধানপূর্বক কোন প্রতিবেদন এ বিভাগে দাখিল করা হয়নি মর্মে সভায় জানানো হয়।	ক) মেয়াদ বৃদ্ধির প্রস্তাব দ্রুত প্রক্রিয়াকরণ করতে হবে। (খ) এডিপি সভার সিদ্ধান্ত অনুযায়ী প্রধান প্রকৌশলী কর্তৃক মেয়াদ ও ব্যয় বৃদ্ধির কারণ অনুসন্ধানপূর্বক একটি প্রতিবেদন এ বিভাগে দাখিল করতে হবে।	পরিকল্পনা উইং, প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক
১৫. ২য় কাঁচপুর, ২য় মেঘনা, ২য় গোমতী সেতু নির্মাণ এবং বিদ্যমান সেতু সমুহের পুনর্বাসন প্রকল্প	সভায় অবহিত করা হয় যে, মদনপুর ইন্টারসেকশনে ওভারপাস নির্মাণ বিষয়ে জাইকার সাথে আনুষ্ঠানিক আলোচনা চলছে। পৃথক প্রকল্পের মাধ্যমে এ ওভারপাস নির্মাণের বিষয়ে সভায় একমত পোষণ করা হয়।	মদনপুর ইন্টারসেকশনে ওভারপাস নির্মাণ বিষয়ে সওজ অধিদপ্তর টেকনিক্যাল সার্ভে রিপোর্টসহ একটি পূর্ণাঙ্গ প্রস্তাব এ বিভাগে প্রেরণ করবে।	প্রকল্প পরিচালক ও সওজ অধিদপ্তর
১৬. মাতারবাড়ি কয়লা ভিত্তিক বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ (১/৭/১৫-৩০/৬/২০)	প্রকল্প পরিচালক জানান যে, কোহেলিয়া সেতুর নেভিগেশনাল ক্লিয়ারেন্স বিষয়ে নৌ-পরিবহন মন্ত্রণালয়ে সভা অনুষ্ঠিত হয়েছে। সভার সিদ্ধান্তের আলোকে সেতুর ডিজাইন রিভিউ করে ডিপিপি সংশোধনের উদ্যোগ গ্রহণ করা হবে।	নৌ-পরিবহন মন্ত্রণালয়ে নেভিগেশনাল ক্লিয়ারেন্স বিষয়ে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী কোহেলিয়া সেতুর ডিজাইন রিভিউ করে সেতুর ব্যয় প্রাক্কলন পুনর্গঠনকরতঃ ডিপিপি সংশোধনের উদ্যোগ করতে হবে।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
১৭. ডব্লিউবিবিআইপি (১/১০/১৫-৩০/৬/২০)	সভায় জানানো হয় যে, সওজ অধিদপ্তর কর্তৃক গঠিত তদন্ত কমিটির আহবায়ককে দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিল করার জন্য অনুরোধ করা হয়েছে। মনিটরিং টীমের সুপারিশ মোতাবেক প্রকল্প কার্যালয় ও সিরাজগঞ্জ সড়ক বিভাগের মধ্যে সমন্বয়পূর্বক ভুঁইয়াগাতি ব্রীজ ও ব্রীজ এপ্রোচ সড়ক আসন্ন রমজানের পূর্বেই সম্পন্ন করার জন্য প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।	গঠিত তদন্ত কমিটির আহবায়ক দ্রুত তদন্ত প্রতিবেদন দাখিল নিশ্চিত করবে।	প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর

১৮. ক্রস-বর্ডার রোড নেটওর্য়াক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ) (১/৪/১৬-৩০/৬/২২)	প্রকল্প পরিচালক অবহিত করেন যে, “ক্রস বর্ডার রোড নেটওয়ার্ক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ)” শীর্ষক প্রকল্পের আওতায় বিদ্যমান ঝিকরগাছা সেতুর স্থলে ৬-লেন সেতু নির্মিত হওয়ার ক্ষেত্রে নিরাপদ যান চলাচল নিশ্চিত করার লক্ষ্যে এ স্থানের সড়কের একটি জিওম্যাট্রিক ডিজাইন প্রণয়ন করতঃ প্রধান প্রকৌশলীর দপ্তরে প্রেরণের জন্য প্রকল্প পরিচালক (অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ), টিএএসআরটিপিপিএফ প্রকল্প-২ বরাবর একটি পত্র প্রেরণ করা হয়েছে। সে লক্ষ্যে ঝিকরগাছা সেতুর পার্শ্ববর্তী রেললাইন সম্প্রসারণ, উন্নয়ন, পরিবর্তন ইত্যাদি বিষয়ে বাংলাদেশ রেলওয়ের নিকট হতে তথ্য সংগ্রহ করার নিমিত্ত বাংলাদেশ রেলওয়ে/পশ্চিম এর প্রধান প্রকৌশলীর বরাবরে পত্র প্রেরণ করা হয়েছে। উপরোক্ত তথ্য পাওয়া মাত্রই Project Implementation Committee (PIC)’র পরবর্তী সভা দ্রুত আহবান করা হবে এবং PIC-র সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তীতে PSC-এর সভা আয়োজন করা হবে।	(ক) বিদ্যমান ডিজাইন অনুসারে ৬-লেন সেতু নির্মাণ ও নির্মিতব্য সড়কে পথচারী পারাপার ধীর গতির যানবাহন চলাচলে কি ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন সে সম্পর্কে একটি মতামত সওজ অধিদপ্তর এ বিভাগকে অবহিত করবে। (খ) দ্রুত পিএসসি সভা আয়োজন করতে হবে।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
১৯. সাসেক সংযোগ সড়ক-২: হাটিকামরুল- রংপুর জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ (০১/৯/১৬-৩১/৮/২১)	সভায় আলোচনা করা হয় যে, সিরাজগঞ্জ সড়ক বিভাগের অধীনে ধোপাকান্দি স্টিল ব্রীজের নির্মাণ কাজ চলমান রয়েছে। বাস্তবতার নিরিখে প্রকৃত কারণ ব্যাখ্যাপূর্বক ডিপিপি সংশোধনের কাজ চলমান রয়েছে।	সংশোধিত ডিপিপি প্রস্তাব দ্রুত মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে।	প্রকল্প পরিচালক
২০. সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংগ্রহ (১/১/১৭-৩০/০৬/২০)	প্রকল্প পরিচালক জানান যে, বেনাপোল ও চট্টগ্রাম বন্দর হতে মালামাল ছাড়করণের কাজে অতিরিক্ত অর্থ বরাদ্দের প্রয়োজন। আমদানিকৃত মালামাল বন্দর হতে ছাড়করণের অর্থায়নের ব্যবস্থা গ্রহণের জন্য প্রধান প্রকৌশলীকে নির্দেশনা প্রদান করা হয়। ভারতীয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগের ব্যবস্থা গ্রহণের জন্য ইআরডি’কে অনুরোধ জানানো হয়।	(ক) আমদানিকৃত মালামাল বন্দর হতে ছাড়করণের ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ বিষয়ে প্রধান প্রকৌশলী প্রয়োজনীয় অর্থায়নের ব্যবস্থা গ্রহণ করবেন। (খ) ইআরডি ভারতীয় কর্তৃপক্ষের সাথে যোগাযোগ করে দ্রুত মতামত সংগ্রহ করবে।	প্রধান প্রকৌশলী, সওজ অধিদপ্তর, প্রকল্প পরিচালক ও ইআরডি
২১. আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে ৪-লেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ (১/৪/১৭-৩০/৬/২০)	প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, পূর্ত কাজের প্যাকেজ নং-০৩ (WP-03) এর দরপত্র আহ্বানের লক্ষ্যে প্রাথমিক পদক্ষেপ হিসেবে দরপত্র দলিল (Tender Bid document) সম্মতি/ভেটিং এর জন্য গত ০৭ জানুয়ারি, ২০২০ তারিখে EXIM Bank India তে প্রেরণ করা হয়েছে। উক্ত সম্মতি/ভেটিং প্রাপ্তির পর পরবর্তী পদক্ষেপ হিসাবে দরপত্র আহ্বান করা হবে।	(ক) EXIM Bank India’র সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। (খ) আনুষ্ঠানিকভাবে প্রকল্পের নির্মাণ কাজ শুরু করতে হবে।	প্রকল্প পরিচালক

২২. রাজাপুর-নৈকাঠি-বেকুটিয়া-পিরোজপুর সড়কের (জেড-৮৭০২) ১২তম কিলোমিটারে বেকুটিয়া কঁচা নদীর উপর ৮ম বাংলাদেশ চীন মৈত্রী সেতু নির্মাণ (১/১০/১৭-৩১/১২/২১)	সভায় জানানো হয় যে, ইতোমধ্যে এ প্রকল্পের প্রকল্প পরিচালক নিয়োগ করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম নির্দিষ্ট লক্ষ্যমাত্রায় চলমান রয়েছে। প্রকল্পের পিএ খাতে কোন ব্যয় না হওয়ায় সভায় অসন্তোষ প্রকাশ করা হয়।	প্রকল্পের বরাদ্দকৃত পিএ খাতের অর্থ ব্যয় নিশ্চিত করতে হবে।	প্রকল্প পরিচালক ও সওজ অধিদপ্তর
২৩. ইমারজেন্সি এসিস্ট্যান্স প্রজেক্ট কক্সবাজার-টেকনাফ রোড (এন-১) ইমপ্রুভমেন্ট প্রজেক্ট ১/১০/১৮-৩০/৬/২১)	সভায় আলোচনা করা হয় যে, এ প্রকল্পের আওতায় নির্মাণাধীন রাস্তার ডিজাইন ০৫ (পাঁচ) বছর মেয়াদী করা হয়েছে। সকল প্যাকেজে টেনডার প্রক্রিয়া সম্পন্ন হয়েছে। নির্ধারিত সময়ে প্রকল্পটি সমাপ্ত করার লক্ষ্যে বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে। রাস্তার ডিজাইন ০৫ বছর মেয়াদী করা সমীচীন হয়নি মর্মে সভায় অভিমত ব্যক্ত করা হয়।	(ক) রাস্তার ডিজাইন রিভিউ সম্ভব কিনা সে বিষয়ে সওজ অধিদপ্তর সরেজমিন পরিদর্শন করে টেকনিক্যাল রিপোর্ট প্রদান করবে। (খ) প্রকল্পের আর্থিক ব্যয় নির্ধারিত লক্ষ্যমাত্রায় অর্জন নিশ্চিত করতে হবে।	সওজ অধিদপ্তর ও প্রকল্প পরিচালক
২৪. Technical Assistance for Sub-Regional Road Transport Project Preparatory Facility-II (১/৭/১৫-৩০/৬/১৯)	সভায় অবহিত করা হয় যে, যশোর-বেনাপোল সড়কের খসড়া ডিজাইন পরামর্শক প্রতিষ্ঠান জমা প্রদান করেছেন। খসড়া ডিজাইনের আলোকে পরামর্শক প্রতিষ্ঠানকে কিছু বিষয় পুনঃনিরীক্ষণ করে পুনরায় জমা প্রদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। পরামর্শক প্রতিষ্ঠান সেই মোতাবেক কাজ করেছেন। অতিশীঘ্রই ভাঙ্গা-বেনাপোল সড়কের মূল ডিপিপি প্রণয়ন করে এ বিভাগে দাখিল করা হবে।	(ক) পরামর্শক কর্তৃক প্রদানকৃত ডিজাইন সওজ কর্তৃক ভেটিং হতে হবে। (খ) ভাঙ্গা-কালনা-যশোর-বেনাপোল সড়ক উন্নয়ন প্রকল্পের ডিপিপি প্রণয়ন করে এ বিভাগে প্রেরণ করতে হবে।	প্রধান প্রকৌশলী ও প্রকল্প পরিচালক
অন্যান্য প্রকল্পসমুহ			
২৫. ঢাকা সার্কুলার রুট	সভায় জানানো হয় যে, এ প্রকল্পের অর্থায়নের জন্য ইআরডি কর্তৃক এআইআইবি'কে পত্র দেয়া হয়েছে। এ বিষয়ে ইআরডি'র সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখার পরমার্শ প্রদান করা হয়।	অর্থায়নের বিষয়ে ইআরডি'র সাথে নিয়মিত যোগাযোগ অব্যাহত রাখতে হবে।	প্রকল্প পরিচালক ও প্রধান প্রকৌশলী
২৬. সীতাকুন্ড-চট্টগ্রাম-কক্সবাজার ৪-লেনের মেরিন ড্রাইভ এক্সপ্রেসওয়ে নির্মাণ	পরামর্শক নিয়োগ চূড়ান্ত করার বিষয়ে সভায় নির্দেশনা প্রদান করা হয়।	পরামর্শক নিয়োগের কর্মপরিকল্পনা তথা অগ্রগতি পরবর্তী সভায় অবহিত করতে হবে।	সওজ অধিদপ্তর
২৭. বিবিধ	সওজ অধিদপ্তর কর্তৃক গৃহীত অন্যান্য স্ট্যাডি প্রকল্পের অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের নির্দেশনা দেয়া হয়। একই সাথে সংশ্লিষ্ট প্রকল্প পরিচালকগণ সভায় উপস্থিত থেকে প্রকল্পের অগ্রগতি সভায় অবহিত করবে মর্মে সিদ্ধান্ত গৃহীত হয়। পিপিপি'র তালিকাভুক্ত প্রকল্পসমূহের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপনের জন্য নির্দেশনা প্রদান করা হয়।	(ক) স্ট্যাডি প্রকল্পসমূহের অগ্রগতি প্রকল্প পরিচালকগণ সভায় উপস্থিত থেকে অবহিত করবেন। (খ) পিপিপি'র তালিকাভুক্ত প্রকল্পসমূহের সর্বশেষ অগ্রগতি পরবর্তী সভায় উপস্থাপন করতে হবে।	পিপিপি সেল প্রধান ও সওজ অধিদপ্তর

৩. আর কোন আলোচ্য বিষয় না থাকায় প্রকল্প বাস্তবায়নে আন্তরিক ও আরো উদ্যোগী হতে সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ নজরুল ইসলাম
সচিব

স্মারক নম্বর: ৩৫.০০.০০০০.০৩২.১৪.০১৫.১৯.৫৮

তারিখ: ২১ মাঘ ১৪২৬
০৪ ফেব্রুয়ারি ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়
২) সচিব, অর্থ বিভাগ
৩) ভারপ্রাপ্ত সচিব, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ
৪) সচিব , অর্থনৈতিক সম্পর্ক বিভাগ
৫) সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৬) সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন
৭) ই-ইনসি, সেনা সদর, ঢাকা সেনানিবাস, ঢাকা
৮) প্রধান প্রকৌশলী, সড়ক ও জনপথ অধিদপ্তর
৯) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১০) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১১) অতিরিক্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১২) নির্বাহী পরিচালক , ঢাকা পরিবহন সমন্বয় কর্তৃপক্ষ
১৩) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ
১৪) চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্পোরেশন
১৫) ব্যবস্থাপনা পরিচালক, ঢাকা ম্যাস ট্রানজিট কোম্পানী লিমিটেড
১৬) যুগ্ম প্রধান, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
১৭) মহাপরিচালক, সদর দপ্তর ২৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, ঢাকা সেনানিবাস, ঢাকা
১৮) মহাপরিচালক, সদর দপ্তর ৩৪ ইঞ্জিনিয়ার কনষ্ট্রাকশন ব্রিগেড, দামপাড়া আর্মি ক্যাম্প, চট্টগ্রাম
১৯) অতিরিক্ত প্রধান প্রোকৌশলী, সওজ, ঢাকা জোন, ঢাকা
২০) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, চট্রগ্রাম জোন, চট্রগ্রাম
২১) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, কুমিল্লা জোন, কুমিল্লা
২২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, রাজশাহী জোন, রাজশাহী
২৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, রংপুর জোন, রংপুর
২৪) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, খুলনা জোন, খুলনা
২৫) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, বরিশাল জোন, বরিশাল
২৬) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, ময়মনসিংহ জোন, ময়মনসিংহ
২৭) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, সওজ, গোপালগঞ্জ জোন, গোপালগঞ্জ
২৮) প্রকল্প পরিচালক, ঢাকা-সিলেট মহাসড়কের ভুলতায় ৪ লেন বিশিষ্ট ফ্লাইওভার নির্মাণ প্রকল্প, সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা
২৯) প্রকল্প পরিচালক, তৃতীয় কর্ণফুলী সেতু নির্মাণ, গড সাহেব রোড, হিলটপ, রহমতগঞ্জ, চট্টগ্রাম
৩০) প্রকল্প পরিচালক, নারায়নগঞ্জের বন্দর উপজেলায় ৩য় শীতলক্ষ্যা সেতু নির্মাণ প্রকল্প, বাসা নং-৬৮, সড়ক নং-১৮, ব্লক-এ, বনানী, ঢাকা
৩১) প্রকল্প পরিচালক, বরিশাল-পটুয়াখালী মহাসড়কে পায়রা নদীর উপর পায়রা সেতু (লেবুখালী সেতু) নির্মাণ, সড়ক গবেষণাগার, ঢাকা
৩২) সাসেক রোড কানেক্টিভিটি প্রজেক্টঃ ইমপ্রুভমেন্ট অব জয়দেবপুর-চান্দ্রা-টাঙ্গাইল-এলেঙ্গা রোড (এন-৪) টু ৪-লেইন হাইওয়ে,

হাউজ নং-১২৭, সড়ক নং-২, ব্লক-এ নিকেতন, গুলশান, ঢাকা-১২১২
৩৩) প্রকল্প পরিচালক, সাসেক সংযোগ সড়ক-২ : হাটিকামরুল-রংপুর জাতীয় মহাসড়ক ৪-লেনে উন্নীতকরণ, সড়ক ভবন, তেজগাঁও,ঢাকা
৩৪) প্রকল্প পরিচালক, TA for Sub Regional Road Transport Project Preparatory Facility প্রকল্প, ১৩২ নিউ বেইলী রোড, শান্তি নগর, ঢাকা
৩৫) প্রকল্প পরিচালক, ওয়েস্টার্ন বাংলাদেশ ব্রীজ ইম্প্রুভমেন্ট প্রকল্প (ডব্লিউবিবিআইপি), সেতু ভবন, বনানী, ঢাকা
৩৬) প্রকল্প পরিচালক, মাতারবাড়ি কয়লা চালিত বিদ্যুৎ কেন্দ্র সংযোগ সড়ক নির্মাণ, সেতু ভবন, বনানী, ঢাকা
৩৭) ৩৫। প্রকল্প পরিচালক, ইটনা-মিঠামইন-অষ্টগ্রাম সড়ক উন্নয়ন প্রকল্প, ময়মনসিংহ সড়ক সার্কেল, ময়মনসিংহ
৩৮) প্রকল্প পরিচালক, ক্রস-বর্ডার রোড নেটওয়্যাক ইমপ্রুভমেন্ট প্রজেক্ট (বাংলাদেশ), বাড়ী নং-১০, রোড নং-১, ব্লক-এফ, বনানী, ঢাকা
৩৯) প্রকল্প পরিচালক (তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ঢাকা সড়ক সার্কেল), এলেন বাড়ী, তেজগাঁও, ঢাকা
৪০) প্রকল্প পরিচালক, সড়ক ও জনপথ অধিদপ্তরের জন্য যন্ত্রপাতি ও সরঞ্জামাদি সংগ্রহ, সড়ক ও জনপথ অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা
৪১) প্রকল্প পরিচালক, "আশুগঞ্জ নদীবন্দর-সরাইল-ধরখার-আখাউড়া স্থলবন্দর মহাসড়ককে চারলেন জাতীয় মহাসড়কে উন্নীতকরণ", সড়ক ভবন, কুমিল্লা
৪২) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, পরিকল্পনা ও রক্ষণাবেক্ষণ উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
৪৩) অতিরিক্ত প্রধান প্রকৌশলী, ব্রীজ ম্যানেজমেন্ট উইং, সড়ক ও জনপথ অধিদপ্তর
৪৪) উপসচিব, রক্ষনাবেক্ষণ শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪৫) উপসচিব, জিএফডিপি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪৬) উপসচিব, ডিএফডিপি শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪৭) সচিবের একান্ত সচিব, সচিবের দপ্তর, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪৮) উপ প্রধান, পরিকল্পনা ও কার্যক্রম, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৪৯) উপ প্রধান, সওজ জিওবি, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫০) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ (কার্যবিবরণীটি এ বিভাগের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)
৫১) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, মনিটরিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর
৫২) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্লানিং এন্ড প্রোগ্রামিং সার্কেল, সড়ক ও জনপথ অধিদপ্তর
৫৩) নির্বাহী প্রকৌশলী, প্রোগ্রামিং বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর
৫৪) নির্বাহী প্রকৌশলী, ইভ্যালুয়েশন বিভাগ, সড়ক ও জনপথ অধিদপ্তর
৫৫) সিনিয়র সহকারী প্রধান, বৈদেশিক সহায়তা শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
৫৬) সিনিয়র সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ

আবদুল্লাহ-আল-মাসুদ
সিনিয়র সহকারী প্রধান